গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
www fisheries lama bandarban gov bd

পত্র নং- ৩৩.০২.০৩৫১.০০০.৫০১.৩৬.০৩০.২৫. ১১৭ তারিখ: ১৫/০৬/২৫

নোটিশ

এতদ্বারা লামা উপজেলার সকল মৎস্য চাষী, মৎস্য ব্যবসায়ী, উদ্যোক্তা এবং জনসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ এর ০২-০৬-২০২৪ খ্রি. তারিখের ০০.০১.০০০০.১০১.০৪.০০৩.২৩.২০৩৮৫ নং পত্র অনুযায়ী দুর্নীতির সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মৎস্যচাষ মৎস্য সংক্রান্ত ব্যবসায় উক্তি ও প্রত্যয়ন পত্র দাখিলের প্রবণতা লক্ষ্য করা যায়। এবং এ সংক্রান্ত হীনস্বার্থ চরিতার্থ করার লক্ষ্য প্রায়শই তারা জেলা/সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাদের মাছ চাষের প্রত্যয়ন পত্র আয়কর রিটার্ন ও দুদক কার্যালয়ে দাখিল করে থাকেন, যা অধিকাংশ ক্ষেত্রেই ভূয়া ও অসম্পূর্ণ।

মাছচাষ একটি সম্মানজনক পেশা ও দেশের আমিষের চাহিদা পূরণ, বৈদেশিক মুদ্রা অর্জন ও বেকারত্ব নিরশনে এই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এমতাবস্থায়, প্রকৃত মৎস্যজীবীদের স্বার্থ রক্ষার্থে এবং সরকারের মূল্যবান আয়কর আদায়ের স্বার্থে অত্র দপ্তর হতে প্রত্যয়ন পত্র প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত কাগজপত্র ও প্রমাণাদি প্রদান করতে দুর্নীত দমন কমিশন নির্দেশনা প্রদান করেছেন।

১। পুকুর বা জলাশয়ের মালিকানা দলিলের সত্যায়িত ফটোকপি- ০১ কপি।
২। খতিয়ান/জমা বন্দির সত্যায়িত ফটোকপি- ০১ কপি
৩। মৌজা ম্যাপ এর সত্যায়িত ফটোকপি- ০১ কপি।
৪। লিজ দলিল (লিজ পুকুর/জলাশয়ের ক্ষেত্রে প্রযোজ্য) -০১ কপি।
৫। জমির পরিমাণ, মৌজার নাম ও দাগ নম্বর উল্লেখপূর্বক নিজ ঘোষণাপত্র- ০১ কপি।
৬। লোকাল ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মাছ চাষের জমির পরিমাণ উল্লেখপূর্বক প্রত্যয়ন পত্র (অরিজিনাল কপি)।
৭। ন্যাশনাল আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি- ০১ কপি।
৮। স্বাক্ষরসহ প্রত্যয়ন পত্র পাওয়ার জন্য একটি আবেদনপত্র- ০১ কপি।

উল্লিখিত জমি সংক্রান্ত কাগজপত্রসমূহ সংশ্লিষ্ট ভূমি অফিস কর্তৃক সত্যতা যাচাই ও উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কর্তৃক মাছচাষের পুকুরসমূহ সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রত্যয়ন পত্র প্রদান করা হবে।

১৫/০৬/২০২৫

(মো: আব্দুল্লা-হিল-মারুফ)
উপজেলা মৎস্য কর্মকর্তা
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
ই-মেইল ufolama@fisheries.gov bd
মোবাইল : ০১৭৬৯-৪৫৯৩৯৩

পত্র নং- ৩৩.০২.০৩৫১.০০০.৫০১.৩৬.০৩০.২৫. ১১৭ তারিখ: ১৬/০৬/২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ
১। মাননীয় চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
২। জেলা মৎস্য কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৫। গোপনীয় সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লামা, বান্দরবান পার্বত্য জেলা (নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য)।
৬। প্রশাসক, লামা পৌরসভা, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৭। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৮। সংশ্লিষ্ট অফিস নথি।

উপজেলা মৎস্য কর্মকর্তা
লামা, বান্দরবান পার্বত্য জেলা

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০
www.fisheries.gov.bd

পত্র নং- ৩৩.০২.০০০০.১০২.৩৪.৭২০.৮৬(৫ম খণ্ড). ৮০৬ — তারিখঃ ০২-০৬-২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত দুনীতি দমন কমিশন এর ০২-০৬-২০২৪ খ্রি. তারিখের ০০.০১.০০০০.১০১.০৪.০০৩.২৩.২০৩৮৫ সংখ্যক পত্রে মৎস্য চাষ কিংবা মৎস্য চাষের আয় সংক্রান্ত প্রত্যয়ন প্রদানের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন সংক্রান্ত পৃষ্ঠাংকন কপি নির্দেশক্রমে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করা হলো।

কার্যার্থেঃ

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক (রিজার্ভ)/পরিচালক (প্রশাসন)/পরিচালক (ব্লু-ইকোনমি)/পরিচালক(বাজেট ও অর্থ)/মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/পরিচালক(সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য অধিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/ পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিকল্পনা ও জরিপ/মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/ প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব), আরবপুর, যশোর (সদয় অবগতির জন্য)।
৩. উপপরিচালক প্রশাসন/ফিল্ড সার্ভিস/মৎস্যচাষ/অর্থ ও পরিকল্পনা/চিংড়ি)/(রিজার্ভ)/ (ব্লু-ইকোনমি)/অডিট/প্রশিক্ষণ/(ই-সার্ভিস এন্ড ইনোভেশন),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/ খুলনা/ চট্টগ্রাম/ অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর/ কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/ খুলনা/ চট্টগ্রাম/ প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুর/গোপালগঞ্জ/সিরাজগঞ্জ/কিশোরগঞ্জ/ /তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/উপপরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪. প্রকল্প পরিচালক/পরিচালক......................।
৫. জেলা মৎস্য কর্মকর্তা/আঞ্চলিক মৎস্য কর্মকর্তা/সিনিয়র সহকারী পরিচালক............।
৬. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ------------------------/সহকারী পরিচালক/অধ্যক্ষ/ ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসার/ বাঁওড় ম্যানেজার/অধ্যক্ষ/ নির্বাহী প্রকৌশলী ----------------------------
৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (বর্ণিত বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/হ্যাচারি কর্মকর্তা/ মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা/ পরিদর্শক/ মাইক্রোবায়োলজিষ্ট/ বৈজ্ঞানিক কর্মকর্তা/বায়োকেমিষ্ট/ লাইব্রেরিয়ান/ মৎস্য কর্মকর্তা/ সহকারী প্রকৌশলী------- -------------------------------------------------------------------------------------
৯. জনাব -------------------------------------------------------------------------------------।

মহাপরিচালকের পক্ষে
০২/০৬/২০২৪
(মোঃ কামরুল হাসান)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৮৯৩৫৫
ই-মেইল: ddadmin@fisheries.gov.bd

অতীব জরুরি

# দুর্নীতি দমন কমিশন
ঢাকা, বাংলাদেশ

"সবাই মিলে গড়ব দেশ, দুর্নীতি মুক্ত বাংলাদেশ"

04 JUN 2024

স্মারক নম্বর: ০০.০১.০০০০.১০১.০৪.০০৩.২৩.২০৩৮৫

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০২ জুন ২০২৪

বিষয়: মৎস্য চাষ কিংবা মৎস্য চাষের আয় সংক্রান্ত প্রত্যয়ন প্রদানের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতির অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গ কর্তৃক অবৈধ আয়কে বৈধ করার প্রয়াসে কোন কোন ক্ষেত্রে সম্পদের উৎস হিসেবে মৎস্য চাষের আয় প্রদর্শন করা হয়। প্রায়শই উক্ত মৎস্য চাষের আয়ের সমর্থনে রেকর্ডপত্র হিসেবে অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিগণ উপজেলা/জেলা পর্যায়ের মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন দুর্নীতি দমন কমিশনে দাখিল করেন। এ প্রসঙ্গে লক্ষ্য করা যায় যে, উপজেলা/জেলা পর্যায়ের মৎস্য কর্মকর্তাগণ অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তির এতদসংক্রান্ত জমির মালিকানা, দলিল, রেকর্ড, মৌজা ম্যাপ, লিজ দলিল, জমির পরিমাণ, দখল এবং মালিকানার তথ্য সঠিকভাবে যাচাই না করে, এমনকি সরজমিন পরিদর্শন না করে প্রত্যয়ন দিয়ে থাকেন। যার অধিকাংশ সঠিক নয়। এ প্রত্যয়ন দাখিল করে অভিযোগ সংশ্লিষ্টরা অবৈধ আয়ের উৎসকে বৈধ করার চেষ্টা করে। মৎস্য কর্মকর্তাদের এ প্রত্যয়ন কখনো কখনো দুর্নীতিবাজদের আইনের আওতায় আনায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করে।

২। এ অবস্থা নিরসনকল্পে জমির মালিকানা, দলিল, রেকর্ড, মৌজা ম্যাপ, লিজ দলিল, জমির পরিমাণ, দখল এবং মালিকানার তথ্য যাচাই ব্যতীত মৎস্য চাষ কিংবা মৎস্য চাষের আয়ের বিষয়ে প্রত্যয়ন না দেয়ার এবং প্রয়োজনে সরজমিনে পরিদর্শনপূর্বক স্থানীয়ভাবে নিশ্চিত হওয়ার পর সতর্কতার সাথে প্রত্যয়ন প্রদান করার বিষয়ে উপজেলা/জেলা পর্যায়ের মৎস্য কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

02/06/2024

মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ফোন: ০২-২২২২২১১৬৫
E-mail: d.admin@acc.org.bd

একান্ত শাখা, মহাপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন
রমনা, ঢাকা।

নম্বর: ০০.০১.০০০০.১০১.০৪.০০৩.২৩.২০৩৮৫(৩৯)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০২ জুন ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সকল)।
৩. পরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৪. চেয়ারম্যান-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৫. কমিশনার (তদন্ত/অনুসন্ধান)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় কমিশনারের সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ফোন: ০২-২২২২২১১৬৫
E-mail: d.admin@acc.org.bd